

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪২২

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তুমি দাঁড়িয়ে পেশাব করবে না" এর আমরা যে ব্যাখ্যা করেছি, তার বিশুদ্ধতা প্রমাণে হাদীস

ذِكْنُ الْخَبَرِ الدَّالِّ عَلَى صبِحَّةِ مَا تَأَقَّلْنَا قَوْلَهُ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَبُلْ قائماً)

আরবী

1422 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ بِبُسْتَ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدِ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ: عَنْ حُذَيْفَةَ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى سُبُاطَةَ قَوْمٍ فَبَالَ قَائِمًا ثُمَّ دَعَا بِمَاءٍ فَتَوَضَّا وَمَسَحَ على خفيه. الراوي: حُذَيْفَةَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1422 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: عَدَمُ السَّبَبِ فِي هَذَا الْفِعْلِ هُوَ عَدَمُ الْإِمْكَانِ وَذَاكَ أَنَّ الْمُصْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى السُّبَاطَةَ وَهِيَ الْمَرْبَلَةُ فَأَرَادَ أَنْ يَبُولَ فَلَمْ يَتَهَيَّأُ لَهُ الْإِمْكَانُ لِأَنَّ الْمَرْءَ إِلَيْهِ وَسَلَّمَ أَتَى السُّبَاطَة وَهِيَ الْمَرْبَلَةُ فَأَرَادَ أَنْ يَبُولَ فَلَمْ يَتَهَيَّأُ لَهُ الْإِمْكَانُ لِأَنَّ الْمَرْءَ إِنَا قَعَدَ يَبُولُ عَلَى شيء مرتفع رُبَّمَا تَفَشَّى الْبَوْلُ فَرَجَعَ إِلَيْهِ فَمَنْ أَجْلِ عَدَمِ إِمْكَانِهِ مِنَ الْقَعُود لِحَاجَةِ بَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمًا.

বাংলা

১৪২২. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার এক সম্প্রদায়ের ময়লা ফেলার জায়গায় আসেন অতঃপর দাঁড়িয়ে পেশাব করেন। তারপর তিনি ওযূ করেন এবং দুই মোজার উপর মাসেহ করেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই কাজের কোন কারণ না থাকা অসম্ভব। ব্যাপার হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ময়লা ফেলার জায়গায় আসেন অতঃপর তিনি পেশাব করার ইচ্ছা করেন। কিন্তু বসে তা সম্পন্ন করা সম্ভবপর ছিল না। কেননা কোন মানুষ যদি উঁচু কোন জায়গায় পেশাব করতে চায়, তখন কোন কোন সময় পেশাব ছড়িয়ে পড়ে নিজের দিকে ফিরে আসে। এজন্য বসা



সম্ভবপর না হওয়ার কারণে তিনি দাঁড়িয়ে পেশাব করেছেন।"

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২২৪; আবূ দাউদ: ২৩; নাসাঈ: ১/২৫; আব্দুর রাযযাক: ৭৫১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১২৩; তিরমিযী: ১৩; মুসনাদ আহমাদ: ৫/৩৮২; সহীহ মুসলিম: ২৭৩; ইবনু মাজাহ: ৩০৫; দারেমী: ১/১৭১; সহীহ ইবনু খুযাহীহ: ১৬১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৪২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ভ্যায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন